‘উইন্টার ইজ কামিং’: চট্টগ্রামে গেম অব থ্রোন্স থিমে জামায়াত আমিরের ব্যানার



ছবি: সংগৃহীত

চট্টগ্রামের বড়পোল ও চকবাজার এলাকায় বাংলাদেশের জামায়াতে ইসলামীর আমির শফিকুর রহমানের ছবি সংবলিত ব্যানার দেখা গেছে, যা জনপ্রিয় টিভি সিরিজ গেম অব থ্রোন্স-এর থিমে তৈরি। ব্যানারের উপরের অংশে লেখা: “উইন্টার ইজ কামিং”, আর নিচে উল্লেখ আছে: “দাদু ফ্যান ক্লাব চট্টগ্রাম”।

ব্যানারটি সামাজিক যোগাযোগমাধ্যমেও ব্যাপক আলোচনা ও আগ্রহ সৃষ্টি করেছে। তবে ইসলামী ছাত্রশিবির চট্টগ্রাম মহানগর দক্ষিণ শাখার প্রচার সম্পাদক জাহিদুল আলম জয় জানিয়েছেন, এটি সংগঠনের কোনো উদ্যোগ নয়। ব্যানারটি মূলত শফিকুর রহমানের ফ্যান বেইজের উদ্যোগে তৈরি হয়েছে।

জামায়াত আমির শফিকুর রহমান বর্তমানে নির্বাচনী প্রচারণার অংশ হিসেবে দেশব্যাপী সফর করছেন। আজ সোমবার (০২ ফেব্রুয়ারি) তিনি কক্সবাজার হয়ে চট্টগ্রামে পৌঁছাবেন। সফরে তিনি মহেশখালী, চট্টগ্রামের পতুয়া, সীতাকুণ্ড ও বন্দর স্কুল অ্যান্ড কলেজ মাঠে পাঁচটি জনসভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেবেন।

চট্টগ্রাম মহানগর জামায়াতের সহকারী সেক্রেটারী মোরশেদুল আলম চৌধুরী জানান, এই ব্যানারের বিষয়ে তারা কোনো সাংগঠনিক সিদ্ধান্ত নেনি, তবে বিষয়টি যাচাই করা হচ্ছে।

গেম অব থ্রোন্সের প্রেক্ষাপট: সিরিজের শুরুর দৃশ্যে শীতের আগমন ও ওয়াল-এর ওপার থেকে আসা হুমকির ইঙ্গিত দেওয়া হয়। স্টার্ক পরিবারের মূলমন্ত্র “উইন্টার ইজ কামিং” সতর্কবার্তা হিসেবে কাজ করে, যা শীতের সময়ে নর্থ জনপদ রক্ষার দায়িত্বের প্রতীক। শীতের আগমন হাউস স্টার্কের ক্ষমতা পুনরুদ্ধার এবং নাইট কিং-এর বিরুদ্ধে লড়ার জন্য শক্তিগুলোর মধ্যে ঐক্য গঠনের প্রয়োজনকেও সামনে আনে।